১৭

দৈনিক ইত্তেফাক

তারিখ APR 8 1999
পৃষ্ঠা ১০ কলাম ৪

# সাতক্ষীরা সরকারী কলেজে ধর্মঘট পালন

সাতক্ষীরা সংবাদদাতা ।। সাতক্ষীরা সরকারী কলেজে ছাত্রলীগ আহূত অবিরাম ধর্মঘটের প্রথমদিনে গত মঙ্গলবার কলেজ চত্বরে ব্যাপক বোমাবাজি, মিছিল, পাল্টা মিছিল, শিক্ষকদের লাঞ্ছিত করার মধ্য দিয়া অতিবাহিত হয়। কলেজের অনার্স ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস ও পরীক্ষার ফলাফলে দুর্নীতির প্রতিবাদে এই ধর্মঘট আহ্বান করা হয়। ছাত্রমৈত্রী ও ছাত্র সমাজ এই ধর্মঘটের সহিত একাত্মতা প্রকাশ করে। অপরদিকে ছাত্রদল ও ছাত্র শিবির এই ধর্মঘট প্রত্যাখ্যান করিয়া উহা প্রতিরোধের আহ্বান জানান। ছাত্রলীগ ও তাহার সমর্থিত অপর ২টি ছাত্র সংগঠন সকাল হইতে কলেজ চত্বরে অবস্থান গ্রহণ করে এবং কলেজের প্রধান ফটকসহ প্রতিটি কক্ষে তালা লাগাইয়া দেয়। শিক্ষকরা কলেজে প্রবেশ করিতে গেলে ছাত্ররা তাহাদের বাধা দেয়। কলেজের অধ্যক্ষ মোঃ খায়রুল ইসলামের সহিত যোগাযোগ করা হইলে তিনি জানান, ৩টি ছাত্র সংগঠন অনার্সে ভর্তির নিমিত্ত প্রতিটি সংগঠনের জন্য ২টি কোটা দাবী করে। অনার্সে ভর্তি পরীক্ষা ও ফল প্রকাশ সম্পূর্ণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক করা হইয়াছে।